



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

অনলাইনে অনুষ্ঠিত হাইড্রোকার্বন ইউনিট এর নভেম্বর /২০২০ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	এ এস এম মঞ্জুরুল কাদের মহাপরিচালক
সভার তারিখ	১৬/১১/২০২০
সভার সময়	দুপুর ১২.০০ ঘটিকা
স্থান	অনলাইন, জুম এপস
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ জাকির হোসেন (পরিচালক) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২.০। গত ১৮-১০-২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত
০১	<b>কোভিড সংক্রান্ত</b> কোভিড-১৯ সংক্রমণের সম্ভাব্য Second Wave মোকাবেলায় মাস্ক পরিধান নিশ্চিত করা, চিকিৎসা কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ ব্যতীত অন্য সকল ক্ষেত্রে পুনর্ব্যবহারযোগ্য কাপড়ের মাস্ক পরিধান করা, মাস্ক পরিধান বিষয়ে প্রতিষ্ঠানের সামনে দৃশ্যমান স্থানে ‘মাস্ক ব্যবহার ব্যতীত প্রবেশ নিষেধ/No Mask No Entry’ অথবা ‘মাস্ক পরিধান করুন, সেবা নিন/Wear Mask, Get Service’ বিষয়ে ব্যানার স্থাপন এবং কোভিড-১৯ প্রতিরোধে জারিকৃত পরিপত্রসমূহের নির্দেশনা বাস্তবায়ন নিশ্চিতকরণ, এ ছাড়াও মাস্ক ব্যতীত অফিস/আদালত/শপিংমল/বাজার/সামাজিক/রাষ্ট্রীয় অনুষ্ঠানে না যাওয়া এবং কোনো সাহায্য/সহযোগিতা/সার্ভিস না পাওয়ার বিষয়টিও নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়।	প্রতিষ্ঠানের সামনে দৃশ্যমান স্থানে ‘মাস্ক ব্যবহার ব্যতীত প্রবেশ নিষেধ/No Mask No Entry’ অথবা ‘মাস্ক পরিধান করুন, সেবা নিন/Wear Mask, Get Service’ বিষয়ে ব্যানার স্থাপন এবং সকল কর্মকর্তা/ কর্মচারীকে মাস্ক পরিধানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
০২	<b>সেমিনার সংক্রান্ত</b> মহাপরিচালক বলেন সমসাময়িক এবং জ্বালানি সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ বিষয়ের উপর সেমিনার করতে হবে। তিনি বলেন এপিএর টার্গেট অর্জনের নিমিত্তে আমদের বাৎসরিক ০৮ টি সেমিনারের বাধ্যবাধকতা রয়েছে। বর্তমান প্রেক্ষাপটে Virtual Seminar আয়োজন প্রসঙ্গে আলোকপাত করেন। এই মাসে শীর্ষক “4 <sup>th</sup> Industrial Revolution in Oil and Gas Sector” বিষয়ক ভার্চুয়াল সেমিনার আয়োজনের ব্যাপারে আলোচনা হয়।	১৭ নভেম্বর “4 <sup>th</sup> Industrial Revolution in Oil and Gas Sector” বিষয়ক ভার্চুয়াল সেমিনার আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
০৩	<b>প্রশাসনিক</b> হাইড্রোকার্বন ইউনিটে সাইনবোর্ড প্রস্তুতকরণের ব্যাপারে আলোচনা হয়। এছাড়াও ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণের বিষয়েও আলোচনা হয়।	সাইনবোর্ড প্রস্তুত এবং ওয়েবসাইট হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
০৪	<b>ইআরপি</b> জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও এর আওতাধীন ৭ টি প্রতিষ্ঠানের জন্য ড্যাশবোর্ড প্রসঙ্গে আলোকপাত করে মহাপরিচালক বলেন, ড্যাশবোর্ড প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। কম্পিউটার কাউন্সিলে রেজিস্ট্রেশন করার বিষয়েও আলোচনা হয়। তিনি আরো বলেন, বিপিসি ও পেট্রোবাংলা হতে দুজন ফোকাল পয়েন্ট মনোনয়ন দেয়া হয়েছে, তাদের সাথে যোগাযোগ করে ড্যাশবোর্ড আপডেট এর কাজ করতে হবে। আইন/বিধি/নীতিমালার চূড়ান্তকৃত সংকলনে কোম্পানিসমূহের পৃথক পৃথক প্রবিধানমালাগুলো অন্তর্ভুক্ত করে প্রকাশের উদ্যোগ গ্রহণ করতে হবে।	ড্যাশবোর্ড প্রদর্শনের এবং আইন/বিধি/নীতিমালার চূড়ান্তকৃত সংকলনে কোম্পানিসমূহের পৃথক পৃথক প্রবিধানমালাগুলো অন্তর্ভুক্ত করে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
০৫	<b>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-</b> ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অংশ হিসেবে ২৩ নভেম্বর ২০২০ তারিখে এপিএ সংক্রান্ত সভা সম্পর্কে আলোচনা হয়।	মাসিক সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
০৬	<b>ইনোভেশন</b> হাইড্রোকার্বন ইউনিটে ইনোভেশন পরিকল্পনা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। হাইড্রোকার্বন ইউনিটের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি ২০২০-২০২১ নিয়ে আলোচনা হয়।	প্রতিটা দপ্তর হতে ইনোভেটিভ আইডিয়া গ্রহণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
০৭	<b>শুদ্ধাচার কর্মপরিকল্পনা:</b> ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণের নিমিত্তে কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি গঠনের ব্যাপারে আলোচনা হয়।	২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণের নিমিত্তে কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি গঠনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

